



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd



নং-২১.০০.০০০০.০৬৪.১৬.২২৭.২১.৩৬১

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয় প্রক্রিয়া সহজিকরণের উদ্দেশ্যে “সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।


সূত্র:- ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১), ১৭.১৩৮৭ তারিখ: ২৬ ডিসেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয়কারিগণ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের তহবিল ব্যবহার করে ক্রয়ের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল e-PG9-এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০২। উল্লেখ্য, বাংলাদেশ সরকারের অর্থে পরিচালিত ক্রয়সমূহের ক্ষেত্রে সিপিটিইউ কর্তৃক প্রণীত DPM আদর্শ দরপত্র দলিল হতে Invitation Letter and Instruction to Tenderer (ITT), Contract Agreement and Conditions of Contract (CC) এবং Drawing সেকশনসমূহ আপলোড করতে হবে। ডকুমেন্টের Tender and Contract Forms অংশের Supplier's Offer Form, Technical Specifications and Compliance of Goods and related services, Price and Delivery Schedules ফরমসমূহ ই-জিপি সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ক্রয়কারী উল্লিখিত ফরমসমূহের প্রয়োজনীয় অংশ পূরণ করবে। এ ছাড়া Manufacturer's Authorization, Bank Guarantee for Performance Security, Bank Guarantee for Advance Payment এবং Sample Letter of Invitation for Negotiations ফরমসমূহের নমুনা অন্তর্ভুক্ত রয়েছে, যা ক্রয়কারী ও দরদাতাগণ প্রয়োজনীয় অংশ পূরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করবে।

০৩। এ বিষয়ে ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে সূত্রোক্ত পত্রের মাধ্যমে ই-জিপি সিস্টেম ব্যবহারকারীদের সুবিধার্থে একটি Process Flow Document সংযুক্ত করে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের নিকট প্রেরণ করা হয়েছে। বর্ণিত পদ্ধতি সংক্রান্ত ইউজার ম্যানুয়াল ই-জিপি সিস্টেমের সংশ্লিষ্ট ইউজারের ড্যাশবোর্ডে সংযুক্ত করা হয়েছে। অধিকন্তু, এ বিষয়ে সকল সহযোগিতার জন্য ই-জিপি হেল্পডেস্ক (২৪/৭)-এর ১৬৫৭৫ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের অংশ হিসেবে (১.২.১) ই-জিপি সিস্টেমে সরকারি অর্থায়নে ক্রয় প্রক্রিয়া সহজিকরণের উদ্দেশ্যে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অন্তর্ভুক্তকরণের আদেশটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।


২৪.০২.২০২২

(ওয়াহিদা হামিদ)

উপসচিব

ও

সদস্য সচিব, ইনোভেশন টিম

ফোন : ৪৮১১৭২০৭

E-mail: wahida.hamid@imed.gov.bd

অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।
৪. অফিস কপি।